গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আবহাওয়া ভবন
ই-২৪, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.bmd.gov.bd

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০১৫.০৮.৬৯৭ তারিখ: ১৫ মাঘ ১৪৩০ / ২৯ জানুয়ারি ২০২৪

# অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ মাজহারুল ইসলাম, পেশাগত সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান আবহাওয়া কার্যালয়, পতেঙ্গা, চট্টগ্রাম কর্তৃপক্ষের সাথে কোনোরূপ যোগাযোগ ব্যতিরেকে গত ২৮-০২-২০২২ তারিখ হতে ১৪-০৫-২০২২ তারিখ পর্যন্ত ০২(দুই) মাস ১৭(সতেরো) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং ২৮-০২-২০২২ তারিখ ১৮:৪৫ টা সময়ে ঢাকাস্থ কল্যাণপুর বাসস্ট্যান্ড সংলগ্ন মিজান টাওয়ারের সামনে পাকা রাস্তার উপর অবৈধ মাদক দ্রব্য ইয়াবা ট্যাবলেট নিজ হেফাজতে রাখা অবস্থায় মিরপুর মডেল থানা পুলিশ কর্তৃক আটক হয়ে দীর্ঘ সময় জেল হাজতে থাকা সত্ত্বেও জামিনে মুক্তি পেয়ে প্রতারণার আশ্রয় নিয়ে প্রকৃত তথ্য গোপন করে কর্মস্থলে অনুপস্থিতকালের জন্য ২৮-০২-২০২২ হতে অসুস্থ হয়ে শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতাল, কিশোরগঞ্জে চিকিৎসাধীন ছিলেন মর্মে উক্ত হাসপাতালের কাগজপত্র অবৈধভাবে জালিয়াতির মাধ্যমে তৈরি করত অফিসে জমা দিয়ে ডাক্তারী সনদবলে ছুটির নেয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত ৬/২০২২ নম্বর বিভাগীয় মামলায় ০৮ ডিসেম্বর ২০২২ তারিখের ৭৬৬০ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী মোঃ মাজহারুল ইসলাম ৩০ ডিসেম্বর ২০২২ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করলে ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ১৭৮৪ নম্বর স্মারকের মাধ্যমে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ মাজহারুল ইসলাম ২৮-০২-২০২২ তারিখ মিরপুর মডেল থানা পুলিশ কর্তৃক আটক হওয়ার কারণে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি প্রমাণিত এবং অনুপস্থিতকালে অসুস্থতার কারণে ''ছুটি মঞ্জুরির জন্য ডাক্তারী সনদ সংশ্লিষ্ট ডাক্তার প্রদান করেননি মর্মে শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ লিখিতভাবে জানিয়েছেন, এতে প্রমাণিত হয় যে, তিনি প্রতারণার আশ্রয় নিয়েছেন'' মর্মে তদন্ত কর্মকর্তা ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ৭২০৬ নম্বর স্মারকে মতামত প্রদান করেন;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত এবং একই বিধিমালা ৭(৮) বিধি মোতাবেক অভিযুক্ত কর্মচারীকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক ৭(৯) বিধি মোতাবেক তাঁকে ০৪ অক্টোবর ২০২৩ তারিখে ৭৬৮৬ নম্বর স্মারকের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং নোটিশে কেন তাঁকে চাকরি হতে 'অপসারণ' (Terminate) বা বিধিমালায় বর্ণিত অন্য কোনো গুরুদন্ড প্রদান করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ মাজহারুল ইসলাম ১৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; জবাবে তিনি অভিযোগের বিষয়ে স্বীকার করেন এবং তাঁর বিরুদ্ধে আনীত ও তদন্তে প্রমাণিত অভিযোগের বিপরীতে কোনো সন্তোষজনক বক্তব্য প্রদান করতে সক্ষম হননি; দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদন, নথি-পত্রসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং



D:\S. Nahar\Nikosh - 2 ( 147 ).doc

৬। সেহেতু, জনাব মোঃ মাজহারুল ইসলাম, পেশাগত সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), প্রধান আবহাওয়া কার্যালয়, পতেঙ্গা, চট্টগ্রাম-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(খ) বিধিমতে গুরুদন্ড হিসেবে চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর (Force Retirement)' প্রদান করা হলো। একই সাথে এ অধিদপ্তরের ১৬ জুন ২০২২ তারিখে ৩৭২৮ নম্বর স্মারকের মাধ্যমে জারিকৃত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো এবং তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে, তবে ২৮-০২-২০২২ তারিখ হতে ১৪-০৫-২০২২ তারিখ পর্যন্ত ০২(দুই) মাস ১৭(সতেরো) দিন অসাধারণ ছুটি গণ্য করে বরখাস্তকালীন গৃহীত খোরপোষ ভাতা প্রাপ্য বকেয়া বেতনভাতা হতে সমন্বয়ের আদেশ প্রদান করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৯/১/২৪

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪১০২৫৭০৫

নম্বর-২৩.০৯.০০০০.১২৭.৩৫.০১৫.০৮.৬৯৭

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ / ২৯ জানুয়ারি ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, বাড়ী নং- ৬৫/এ-২, রোড নং-৩, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম।
২। উপপরিচালক, আবহাওয়া ও ভূ-প্রাকৃতিক কেন্দ্র, চট্টগ্রাম।
৩। জনাব এস.এম. কামরুল হাসান, আবহাওয়াবিদ, ঝড় সতর্কীকরণ কেন্দ্র,ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রধান আবহাওয়া কার্যালয়, পতেঙ্গা, চট্টগ্রাম।
৫। ক্যাশ/বাজেট/পেনশন/সাধারণ প্রশাসন/নিরাপত্তা/কেন্দ্রীয় স্টোর, আবহাওয়া সদর দপ্তর, ঢাকা।
৬। ডি.এস মহাশাখা, সদর দপ্তর, ঢাকা।
৭। **বর্তমান কর্মস্থল:** জনাব মোঃ মাজহারুল ইসলাম, পেশাগত সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত) প্রধান আবহাওয়া কার্যালয়, পতেঙ্গা, চট্টগ্রাম।
৮। **স্থায়ী ঠিকানা:** জনাব মোঃ মাজহারুল ইসলাম, পেশাগত সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), পিতা- মোঃ ইছব আলী, গ্রাম- দিঘীর পাড়, পোঃ- পাটুলী, উপজেলা- বাজিতপুর, জেলা- কিশোরগঞ্জ।

২৯/১/২৪

(মোঃ আজিজুর রহমান)
পরিচালক